
66

দৈনিক ইনকিলাব

তারিখ JAN. 31 1999 পৃষ্ঠা ৩ কলাম ৪



*ছবি- ইনকিলাব ঃ এশিয়াটিক সোসাইটির উদ্যোগে বাংলা এনসাইক্লোপিডিয়া প্রকাশের জন্য গতকাল সোসাইটি মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান (বাম থেকে প্রথম) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন*

# দু'হাজার তিন সালে ১০ খণ্ডে বাংলাপেডিয়া প্রকাশিত হবে

স্টাফ রিপোর্টার ঃ এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ জাতীয় এনসাইক্লোপিডিয়া প্রকাশের উদ্যোগ নিয়েছে। ১০ খণ্ডে প্রকাশিতব্য এই এনসাইক্লোপিডিয়ার জন্য ৫ বছরব্যাপী একটি প্রকল্প হাতে নেয়া হয়েছে। ১৯৯৮ সালের জানুয়ারী মাসে এই প্রকল্পের কাজ শুরু হয়েছে এবং বিগত ১ বছরের প্রকল্পের কাজ অনেকটা এগিয়ে গেছে। ১০ খণ্ডে প্রকাশিতব্য এই এনসাইক্লোপেডিয়ার নাম দেয়া হয়েছে বাংলাপিডিয়া (Banglapedia) এই এনসাইক্লোপিডিয়া বাংলা ও ইংরেজী ভাষায় প্রকাশের জন্য খরচ হবে ৯ কোটি ৬০ লাখ টাকা। এই এনসাইক্লোপিডিয়া প্রকাশের লক্ষ্যে কয়েকশ' বিশেষজ্ঞ কাজ করছেন। সোসাইটির ৫০ বছর পূর্তি উপলক্ষে আগামী ২০০৩ সালে এই এনসাইক্লোপেডিয়া প্রকাশ পাবে। গতকাল সোসাইটি মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে এশিয়াটিক সোসাইটির সভাপতি প্রফেসর এম. হারুনুর রশিদ এই তথ্য প্রকাশ করেন। এই সম্মেলনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রকল্পের অগ্রগতি রিপোর্ট পেশ করেন প্রকল্প পরিচালক ও প্রধান সম্পাদক প্রফেসর সিরাজুল ইসলাম। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান প্রফেসর এম আমিনুল ইসলাম সোসাইটির সাধারণ সম্পাদক ও শাজাহান মিয়া, প্রফেসর মাহফুজা খানম।

অনুষ্ঠানে বক্তাগণ বলেন, ঐতিহ্যবাহী জাতি হিসেবে আমাদের জাতীয় পরিচয়কে আরও অর্থবহ করার জন্য রেফারেন্স বই হিসেবে জাতীয়ভাবে একটি এনসাইক্লোপিডিয়া প্রকাশ করা খুবই প্রয়োজন। এই এনসাইক্লোপিডিয়াতে বাংলাদেশের অতীত ঐতিহ্য, জাতীয় মর্যাদা ও ঐতিহ্যময় ইতিহাস স্থান পাবে। এখানে জ্ঞান ও বুদ্ধির সমারোহ ঘটবে। এই এনসাইক্লোপিডিয়ার মাধ্যমে ছাত্র, শিক্ষক, গবেষক এবং সাধারণ পাঠকরাও উপকৃত হবেন। বক্তাগণ এই এনসাইক্লোপিডিয়ার জন্য এশিয়াটিক সোসাইটি কর্তৃপক্ষের প্রশংসা করেন এবং সংশ্লিষ্টদের প্রতি অশেষ ধন্যবাদ জানান।